

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: বিদ্যুৎ বিভাগ

প্রতিষ্ঠানের নামঃ আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

## ১। উদ্ভাবনী ধারণার ডাটাবেজঃ

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার নাম	উদ্ভাবনী ধারণার সংক্ষিপ্ত বিবরণ	ধারণাটি কার্যকর আছে কি-না / না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০১.	পাওয়ার প্ল্যান্টের ট্রাবল রিপোর্টিং সিস্টেম সহজীকরণ।	বিদ্যুৎ কেন্দ্র পরিচালনার সময় বিভিন্ন বৈদ্যুতিক, যান্ত্রিক, পুর, কারখানা ইত্যাদি সম্পর্কিত সমস্যা দেখা দেয়। সেসব সমস্যা সংশ্লিষ্ট সংরক্ষণ দপ্তরকে জানানোর জন্য কাগজের ফরম ব্যবহার করা হত। ট্রাবল রিপোর্টের পাশাপাশি Work Request, Clearance Report for Work, Clearance After Work, Closing Report সমূহও ধাপে ধাপে কাগজের ফরমের মাধ্যমে ম্যানুয়ালি পাঠানো হত। ম্যানুয়ালি ফরম পাঠানো ও সংরক্ষণ দপ্তরকে জানাতে দীর্ঘ সময় লাগায় সংরক্ষণ কাজ শুরু করতেও দীর্ঘ সময় লাগত যার ফলে প্ল্যান্টের এভেইলেবিলিটি ফ্যাক্টর হ্রাস পেত। উদ্ভাবনী ধারণার অংশ হিসাবে কাগজের ফরম ম্যানুয়ালি পাঠানোর পরিবর্তে ই-মেইলে পাঠানোর উদ্যোগ নেওয়া হয়। ফলে স্বল্প সময়ের মধ্যেই সংরক্ষণ দপ্তর তথ্য পাওয়ার ত্রুটি দূরীকরণের জন্য যথাযত কাজ শুরু করতে পারে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://103.15.247.74:4041/trcr/">http://103.15.247.74:4041/trcr/</a>	উদ্ভাবনী ধারণাটি ২০১৭-১৮ সালে বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশ মোতাবেক উদ্ভাবনী ধারণাটির স্কেল-আপের অংশ হিসাবে TRCR Management System সফটওয়্যারটি নিজস্ব জনবল দ্বারা প্রস্তুত করা হয়।

০২.	চাহিবামাত্র কাঙ্ক্ষিত তথ্য নিশ্চিতকরণ।	এপিএসসিএল-এর এমপ্লয়ীদের এইচআরএম বিভাগ থেকে কোন তথ্য প্রয়োজন হলে তা স্বল্প সময়ে তা প্রদানের লক্ষ্যে একটি ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু করা হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	-	উদ্ভাবনী ধারণাটি ২০১৭-১৮ সালে বাস্তবায়ন করা হয়।
০৩.	প্ল্যান্ট পরিচালনার সমস্যা ও সমাধানের তথ্য প্রাপ্তি সহজীকরণ।	প্ল্যান্ট পরিচালনার সময় কোন ট্রাবল হলে তা বিভিন্ন কারণে সংশ্লিষ্ট সংরক্ষণ দপ্তরে জানানো সম্ভব হয় না। সেক্ষেত্রে দীর্ঘ সময় প্ল্যান্ট শাট ডাউনে থাকে। পাশাপাশি প্ল্যান্ট পরিচালনার একটি সমস্যা বারবার হতে পারে। কিন্তু সমস্যাটি পূর্বে কিভাবে সমাধান করা হয়েছিল, তা যথাযথভাবে জানা থাকলে স্বল্প সময়েই সমস্যার সমাধান করা যায়। তাছাড়া নব- নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীগণ ডেটাবেজ থেকে পরিচালনা ও সংরক্ষণ বিষয়ক বিভিন্ন তথ্য সহজেই পাওয়ায়, তাদের কারিগরি জ্ঞানও সমৃদ্ধ হয়।	সেবাটি সরাসরি কার্যকর নেই। ভিন্ন উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসাবে পরিচালনার সমস্যা TRCR Management System এর মাধ্যমে জানানো হয় এবং সমাধানের তথ্য প্রাপ্তির জন্য APSCL O&M Knowledge Base System ব্যবহার করা হয়।	-	-	উদ্ভাবনী ধারণাটি ২০১৮-১৯ সালে বাস্তবায়ন করা হয়।
০৪.	সংরক্ষণ কাজের জন্য বিদ্যমান টুলস লিস্ট পরিমার্জন।	বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন সংরক্ষণ কাজের জন্য কাজের ধরন অনুযায়ী বিভিন্ন টুলসের প্রয়োজন হয়। ম্যানুফ্যাকচারার কর্তৃক প্রদত্ত ম্যানুয়াল অনুসারে অনুসারে সংরক্ষণ কাজ সম্পন্নকালীন প্রায়শ বাড়তি টুলস এবং সরঞ্জামাদি সংগ্রহের প্রয়োজন হয়। ফলে টুলস লিস্ট হালনাগাদ করা না থাকায় বারবার প্রয়োজন অনুসারে টুলস নিয়ে আসার ফলে মূল্যবান সময়ের অপচয় হয়। ফলে সংরক্ষণ কাজ সম্পন্ন করতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়। এমতাবস্থায় উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসাবে ম্যানুয়ালে প্রদত্ত টুলস লিস্ট ও মাঠ পর্যায়ে কাজ করতে গেলে সামগ্রিক ব্যবহৃত টুলস ও অন্যান্য সরঞ্জামাদির একটি তুলনামূলক তালিকা প্রস্তুত করে সেই তালিকা অনুসারে একটি হালনাগাদকৃত টুলস লিস্ট প্রস্তুত করা হয়। ফলে পরবর্তীতে সংরক্ষণ কাজের প্রাক্কালে টুলস ও সরঞ্জামাদি সংগ্রহ করতে বাড়তি সময় ও খরচের প্রয়োজন হয় না।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	-	উদ্ভাবনী ধারণাটি ২০১৮-১৯ সালে বাস্তবায়ন করা হয়।

০৫.	এসএমএস-এর মাধ্যমে ঠিকাদারের নিকট তথ্য প্রদান।	অনেক সময় বিভিন্ন ঠিকাদার বিশেষ করে লোকাল ঠিকাদারদের ই-মেইল এড্রেস থাকে না। আবার ক্ষেত্রে বিশেষে ত্রুটিপূর্ণ ঠিকানা থাকায় বিভিন্ন Notification of Award (NOA), দাপ্তরিক চিঠি প্রেরণ, বিভিন্ন প্রয়োজনে যোগাযোগ করা দুরূহ হয়ে যায়। ফলে তাদের মোবাইল এড্রেসে এসএমএস প্রেরণের মাধ্যমে যে কোন প্রয়োজনে যোগাযোগ করা ও অন্যান্য বিষয়ের তথ্য সহজেই তাদের নিকট পৌঁছানো সম্ভব হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	-	উদ্ভাবনী ধারণাটি ২০১৯-২০ সালে বাস্তবায়ন করা হয়।
০৬.	How to Ease Vehicle Maintenance and Service System	কারখানা বিভাগের গাড়িসমূহের Fuel Statement, Consumable Parts, Schedule Maintenance, BRTA এর বিভিন্ন Documents সমূহের খরচ এবং আপডেট তথ্য সমূহ ম্যানুয়ালি সংগ্রহ করা হতো। ফলে বিভিন্ন ডকুমেন্ট হালনাগাদ রাখা অনেকসময় সম্ভবপর হত না। পাশাপাশি কোন তথ্য খুঁজে পেতে সমস্যা হত। ফলে উদ্ভাবনী ধারণার অংশ হিসাবে Vehicle Maintenance and Service System (VMS) সফটওয়্যারটি ব্যবহার করা হয়। বর্তমানে খুব সহজেই বিভিন্ন তথ্য হালনাগাদ, প্রত্যেক গাড়ির Fuel Statement, BRTA কাগজপত্র, সনদপত্র ইত্যাদি পাওয়া সম্ভব হচ্ছে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="https://soft29.bdtask.com/APSCL/dashboard/home">https://soft29.bdtask.com/APSCL/dashboard/home</a>	উদ্ভাবনী ধারণাটি ২০২০-২১ সালে বাস্তবায়ন করা হয়।
০৭.	Knowledge Base তৈরীর মাধ্যমে প্লান্টের সংরক্ষণ কাজ ত্বরান্বিত করা।	প্লান্ট পরিচালনাকালীন বিভিন্ন বৈদ্যুতিক, যান্ত্রিক সমস্যা বারবার হতে পারে। কিন্তু সমস্যাটি পূর্বে কিভাবে সমাধান করা হয়েছিল, তা যথাযথভাবে জানা থাকলে স্বল্প সময়েই সমস্যার সমাধান করা যায়। তাছাড়া নব-নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীগণ ডেটাবেজ থেকে পরিচালনা ও সংরক্ষণ বিষয়ক বিভিন্ন তথ্য সহজেই পাওয়ায়, তাদের কারিগরি জ্ঞানও সমৃদ্ধ হয়। এসকল উদ্দেশ্যে একটি নলেজ বেজ তৈরী করার অংশ হিসাবে APSCL O&M Knowledge Base System সফটওয়্যারটি তৈরী ও ব্যবহার করা হয়।			<a href="https://soft1h.com/k20-beta/web/dashboard/dashboard.php">https://soft1h.com/k20-beta/web/dashboard/dashboard.php</a>	উদ্ভাবনী ধারণাটি ২০২০-২১ সালে বাস্তবায়ন করা হয়।
০৮.	Digital Feedback System in APSCL.	এপিএসসিএল-এ সেবা প্রদানকারী বিভাগ সমূহ কর্তৃক প্রদানকৃত সেবার ব্যাপারে feedback প্রদানের কোন ব্যবস্থা চালু না থাকায় সেবা প্রদানকারী বিভাগ সমূহ তাদের প্রদানকৃত সেবার মান সম্পর্কে জানতে পারেন না। ফলে ভাল সেবার Appreciation এর সুযোগ নেই, যাতে অন্যরা তা থেকে অনুপ্রাণিত হয়। অন্যদিকে মন্দ সেবা প্রদানকারী বিভাগ সমূহ তাদের সেবার মান সম্পর্কে জানতে না পারার কারণে সেবার মান	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="https://soft28.bdtask.com/apscl/">https://soft28.bdtask.com/apscl/</a>	উদ্ভাবনী ধারণাটি ২০২১-২২ সালে বাস্তবায়ন করা হয়।

		উন্নয়নে সচেষ্ট হচ্ছেন না বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ থেকে সেবার মান উন্নয়নে কোন উদ্যোগ গ্রহণ করা সম্ভব হচ্ছে না। এসবের সমস্যা সমাধানের উদ্দেশ্যে Digital Feedback System প্রবর্তন করা হয়।				
০৯.	Eco-friendly Solar Powered Water Spraying Car.	আশুগঞ্জের বিভিন্ন স্থানে নানা প্রকার প্রকল্প এবং বিল্ডিং কম্প্রোকশনের কাজ চলমান। এ সকল কম্প্রোকশন কাজের কারণে এবং অতিরিক্ত যানবাহন চলাচলের ফলে সৃষ্ট মাত্রাতিরিক্ত ধূলা-বালি বিদ্যুৎ কেন্দ্রগুলোর এয়ার ইন্টেক ফিল্টারসমূহকে দ্রুত ড্যামেজ করে দিচ্ছে। পাশাপাশি জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর নানাবিধ স্বাসকষ্ট জনিত রোগ-বালাই এর কারণ হয়ে দাঁড়াচ্ছে। এসব সমস্যা থেকে উত্তোরণের লক্ষ্যে এপিএসসিএল এর প্রকৌশলীবৃন্দের নিজস্ব ডিজাইন ও তত্ত্বাবধানে একটি ইকো-ফ্রেন্ডলি পানিবাহী সোলার কার তৈরি করা হয়েছে যেটা রিনিউইয়েবল এনার্জি হিসেবে সোলার চালিত একটি গাড়ি। সূর্যালোকের উপস্থিতিতে গাড়িটি চার্জিত হয়। গাড়িটির অপর প্রান্তে রয়েছে ওয়াটার ট্যাংক। ট্যাংক এর দুপাশে রয়েছে দুইটি পানি নির্গমন লাইন যা দুটি ভালভ দ্বারা নিয়ন্ত্রণ করা যায়। পানি নির্গমন লাইনের সাথে সংযুক্ত রয়েছে একাধিক স্প্রিংকলার যা পানির গতি নিয়ন্ত্রণ এবং রাস্তা জুড়ে পানি ছড়িয়ে দিতে সহায়তা করে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	-	উদ্ভাবনী ধারণাটি ২০২১-২২ সালে বাস্তবায়ন করা হয়।
১০.	Face Detection Based Smart Attendance with Temperature Monitoring.	এপিএসসিএল-এর এমপ্লয়ীদের দৈনিক হাজিরা নিশ্চিতকরণের জন্য বায়োমেট্রিক এটেন্ডেন্স সিস্টেমের মাধ্যমে ফিঞ্জারপ্রিন্ট পাঞ্চ মেশিনে পাঞ্চ করার প্রয়োজন হত। যার ফলে এমপ্লয়ীদের করোনা সংক্রমণের উচ্চ ঝুঁকি ছিল। পাশাপাশি অনেক সময় এমপ্লয়ীদের করোনা থেকে সুরক্ষা প্রদানের স্বার্থে পাঞ্চ বন্ধ রেখে ম্যানুয়াল রেজিস্টার খাতা ব্যবহারের প্রয়োজন হয়। ফলে উক্ত সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট এমপ্লয়ীদের দৈনিক হাজিরা যথাযথভাবে প্রেরণ করা বেশ দুরূহ ছিল। উদ্ভাবনী ধারণার অংশ হিসাবে ফিঞ্জারপ্রিন্ট বেজড বায়োমেট্রিক এটেন্ডেন্সের পরিবর্তে ফেস রিকগনিশন বেজড স্মার্ট এটেন্ডেন্স সিস্টেম চালু করা হয়। ফলে এমপ্লয়ীদের ফেস ডিটেক্ট করেই দৈনিক হাজিরা নিশ্চিত করা সম্ভব হয়েছে। পাশাপাশি মেশিনের সাথে মানুষের দৈহিক কোন অঙ্গ-প্রত্যঙ্গের স্পর্শ না হওয়ায় করোনা সংক্রমণের ঝুঁকি হ্রাস পেয়েছে এবং অধিকতর সংক্রমণ কালেও ডিজিটাল এটেন্ডেন্স সিস্টেম বজায় রাখা সম্ভব হয়েছে। এছাড়াও, ডিভাইসটিতে শরীরের তাপমাত্রা পরিমাপ করার ব্যবস্থা থাকায় এমপ্লয়ীরা নিজের শরীরের তাপমাত্রা পরিমাপ করতে পারছেন। ফলে করোনা আক্রান্ত হবার সন্দেহ থাকলে যথাসময়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে পারছেন।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	Hosted in LAN. http://192.168.0.166:8080/attendance/	উদ্ভাবনী ধারণাটি ২০২১-২২ সালে বাস্তবায়ন করা হয়।

২। সহজিকৃত সেবার ডাটাবেজঃ

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতিপূর্বে বাস্তবায়িত সহজিকৃত সেবার নাম	সেবার সংক্ষিপ্ত বিবরণ	সেবাটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০১.	এপিএসসিএল আবাসিক এলাকায় বসবাসকারীদের বৈদ্যুতিক সমস্যা সম্পর্কিত অভিযোগ নিষ্পত্তিকরণ সহজিকরণ।	পূর্বে বৈদ্যুতিক সংরক্ষণ বিষয়ক অভিযোগ পাবার পর চাহিদাপত্র তৈরি, স্টোর থেকে মালামাল সংগ্রহ, মালামাল পরিবহনের জন্য গাড়ির ব্যবস্থা করা, গেট পাশ অনুমোদন ইত্যাদি কাজে প্রায় ৩/৪ ঘন্টা সময় প্রয়োজন হত। বর্তমানে উক্ত কাজসমূহ উপ-সহকারী প্রকৌশলী (উপকেন্দ্র) আগে থেকেই সম্পন্ন করে রাখেন। ফলে অভিযোগ পত্র দাখিলের ১ ঘন্টার মধ্যেই বৈদ্যুতিক সংরক্ষণ কাজ শুরু করা সম্ভব হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	-	সেবাটি ২০১৯-২০ সাল থেকে চালু রয়েছে।
০২.	এপিএসসিএল-এর কর্মকর্তা/কর্মচারীদের অবসরোত্তর চূড়ান্ত ছাড়পত্র ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সেবা সহজিকরণের আওতায় ওয়ান স্টপ সার্ভিস সিস্টেম চালুকরণ।	সেবাটি চালু হবার পূর্বে ছাড়পত্রের জন্য এইচআরএম বিভাগে আবেদন করার পর এমপ্লয়ীকে পুর, কারখানা, উপকেন্দ্র, হিসাব, স্টোর ইত্যাদি বিভাগ হতে মতামত নিয়ে ছাড়পত্রের কপি এইচআরএম বিভাগে প্রদান করতে হত। কিন্তু বর্তমানে এমপ্লয়ী শুধু এইচআরএম বিভাগে ছাড়পত্রের জন্য আবেদন করেন। অতঃপর এইচআরএম বিভাগ থেকে ই-নথির মাধ্যমে সংশ্লিষ্ট সকল দপ্তরের মতামত নিয়ে এমপ্লয়ীকে ছাড়পত্র প্রদান করে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	-	সেবাটি ২০২০-২১ সাল থেকে চালু রয়েছে।
০৩.	Request Requisition প্রক্রিয়া সহজীকরণ।	স্টোরে কোন একটি নির্দিষ্ট বিভাগের আওতায় রক্ষিত কোন মালামাল উক্ত বিভাগ ব্যতীত অন্য কোন বিভাগ ব্যবহার করতে চাইলে পূর্বে User Division, Concerned Division বরাবর মালের চাহিদা উপস্থাপন করে চাহিদাপত্র অনুমোদন করে নিতে হত। অতঃপর চাহিদাপত্রের হার্ডকপি স্বাক্ষর করে তা স্টোরে পাঠিয়ে পেইট পাশের মাধ্যমে মাল সংগ্রহ করা হত। কিন্তু বর্তমানে মালের প্রাপ্যতা যাইচ সাপেক্ষে অনলাইনেই Request Requisition এর মাধ্যমে মালের চাহিদাপত্র উপস্থাপন ও তা অনুমোদন করে নেওয়া হয়। অতঃপর User Division তা স্বাক্ষর করে স্টোরে পাঠিয়ে দিয়ে মালামাল সংগ্রহ করে। এ ক্ষেত্রে Concerned Division-এর কোন স্বাক্ষরের প্রয়োজন নেই।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	Hosted in LAN. <a href="http://192.168.0.204:8080/apex/f?p=101">http://192.168.0.204:8080/apex/f?p=101</a>	সেবাটি ২০২১-২২ সাল থেকে চালু রয়েছে।

৩। ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজঃ

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজকৃত সেবার নাম	সেবার সংক্ষিপ্ত বিবরণ	সেবাটি কার্যকর আছে কি-না / না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
০১.	এপিএসসিএল এর ট্রেনিং সেন্টারের জন্য অনলাইন এপ্লিকেশন ফরম।	বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট, ট্রেনিং, কো-ওয়ার্ক, ট্যুর ইত্যাদির জন্য পূর্বের ন্যায় ম্যানুয়ালি আবেদন করার পরিবর্তে অনলাইনেই আবেদন করা যায়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://www.apscl.com/erequestpptc">http://www.apscl.com/erequestpptc</a>	সেবাটি ২০১৭-১৮ সাল থেকে চালু রয়েছে।
০২.	এপিএসসিএল এমপ্লয়ীদের জন্য ইজি ইউটিলিটি সার্ভিস (সিভিল)।	এপিএসসিএল-এর অফিস ও আবাসিক এরিয়াতে বিভিন্ন পুর (সিভিল) বিষয়ক সমস্যার তথ্য ডিজিটাইজকৃত সেবাটির মাধ্যমে পুর সংরক্ষণ বিভাগকে জানানো হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://103.15.247.7:4040/eservices/">http://103.15.247.7 4:4040/eservices/</a>	সেবাটি ২০১৭-১৮ সাল থেকে চালু রয়েছে।
০৩.	এপিএসসিএল এমপ্লয়ীদের জন্য ইজি ইউটিলিটি সার্ভিস (বৈদ্যুতিক)।	এপিএসসিএল-এর আবাসিক এরিয়াতে বিভিন্ন বৈদ্যুতিক সমস্যার তথ্য উপকেন্দ্র বিভাগকে জানানোর উদ্দেশ্যে ডিজিটাইজকৃত সেবাটি চালু করা হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://103.15.247.7:4040/eservices/">http://103.15.247.7 4:4040/eservices/</a>	সেবাটি ২০১৮-১৯ সাল থেকে চালু রয়েছে।
০৪.	এপিএসসিএল এমপ্লয়ীদের জন্য ইজি ইউটিলিটি সার্ভিস (টেলিফোন)।	এপিএসসিএল-এর অফিস ও আবাসিক এরিয়াতে টেলিফোনের বিভিন্ন সমস্যার তথ্য ডিজিটাইজকৃত সেবাটির মাধ্যমে আইএন্ডসি (ব্লক-বি) বিভাগকে জানানো হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://www.apscl.com/esheba_tel/elogin">http://www.apscl.com/esheba_tel/elo gin</a>	সেবাটি ২০১৯-২০ সাল থেকে চালু রয়েছে।
০৫.	এপিএসসিএল-এর কর্মকর্তাদের জন্য পরিবহণ সংক্রান্ত ই-সেবা।	এপিএসসিএল-এর কর্মকর্তাবৃন্দের দাপ্তরিক কাজে বিভিন্ন স্থানে যাতায়াতের জন্য পুলের (Pool) গাড়ি ব্যবহারের অধিযাচনপত্র (Requisition) প্রদানের উদ্দেশ্যে ডিজিটাইজকৃত সেবাটি চালু করা হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://103.15.247.7:4040/eservices/">http://103.15.247.7 4:4040/eservices/</a>	সেবাটি ২০২০-২১ সাল থেকে চালু রয়েছে।
০৬.	কারখানা বিভাগ প্রদত্ত যান্ত্রিক সংরক্ষণ সংক্রান্ত কাজের ই-সেবা।	এপিএসসিএল-এর প্ল্যান্ট, অফিস ও আবাসিক এরিয়াতে কারখানা বিভাগ প্রদত্ত বিভিন্ন যান্ত্রিক সংরক্ষণ বিষয়ক সমস্যার তথ্য ডিজিটাইজকৃত সেবাটির মাধ্যমে কারখানা বিভাগকে জানানো হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://103.15.247.7:4040/eservices/">http://103.15.247.7 4:4040/eservices/</a>	সেবাটি ২০২১-২২ সাল থেকে চালু রয়েছে।